



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১২-১০৭

তারিখ: ০৪ অক্টোবর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

পিতৃহীন দুই শিশুর অধিকার ফিরিয়ে দিতে মধ্যরাতে হাইকোর্টের আদেশ ইতিহাসে মাইলফলক হয়ে থাকবে বলে মনে করে কমিশন

পৈত্রিক নিবাসে ঢুকতে না দেয়ার ঘটনায় সাবেক অ্যাটর্নি জেনারেল কেএস নবীর দুই নাতিকে বাড়িতে ফিরিয়ে তাদের নিরাপত্তা নিশ্চিত করতে গত ০৩/১০/২০২০ (শনিবার) প্রায় মধ্যরাতে আদেশ দিয়েছেন মহামান্য হাইকোর্ট। শনিবার মধ্যরাতে বেসরকারি টিভি চ্যানেল একাত্তর টিভিতে 'একাত্তর জার্নাল' অনুষ্ঠানে পৈতৃক বাড়িতে প্রবেশের জন্য দুই শিশুর আকুল আবেদন এবং উপস্থাপক ও আলোচকদের বক্তব্য সচেতন সকল মানুষের মানবিকতাকে জাগিয়ে তোলে। আলোচনা চলাকালেই এই দুই শিশুকে রাতের মধ্যে তাদের পিত্রালয়ে নিরাপত্তার সাথে পৌঁছে দেয়ার জন্য ধানমন্ডি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে তাৎক্ষণিক স্বতঃপ্রণোদিত এ আদেশ দেন বিচারপতি আবু তাহের মোহাম্মদ সাইফুর রহমানের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ এবং রাতেই তা কার্যকর করা হয়।

মানবাধিকার সুরক্ষায় মহামান্য হাইকোর্টের মধ্যরাতের এই তাৎক্ষণিক আদেশ ইতিহাসে মাইলফলক হয়ে থাকবে বলে মনে করে কমিশন। জাতীয় মানবাধিকার কমিশন একাত্তর টিভিকে বিষয়টি তুলে ধরার জন্য আন্তরিক ধন্যবাদ জানায়।

কমিশন মনে করে পুলিশকে সব সময় জনবান্ধব ও মানবিক আচরণ করতে হবে এবং সকল ভুক্তভোগী মানুষের পাশে দাঁড়াতে হবে।

উক্ত ঘটনার বিষয়ে কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি মনে করেন এ ঘটনাটি আমাদের বিচার ব্যবস্থার উপর সাধারণ মানুষের আস্থা আরো বাড়াবে এবং সম্পত্তির অধিকার থেকে বঞ্চিত করার প্রবণতা থেকে মানুষ সরে আসবে।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬